

বরিশাল বোর্ডে ৪ শতাধিক এসএসসি পরীক্ষার্থীর নিবন্ধন নিয়ে তোলপাড়

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ শতাধিক এসএসসি পরীক্ষার্থী দুটি ফুলে নিবন্ধন করেছে। বিষয়টি বোর্ড কর্তৃপক্ষের কাছে খবর পড়ার পর সর্বশেষ কৃতপক্ষে এবং শিক্ষার্থীরা পরস্পরকে দাবী করছেন।

বরিশাল শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক আবুল বাশার তালুকদার এ তথ্যের সত্যতা নিশ্চিত করে জানান, এক শিক্ষার্থীর দুটি ফুলে নিবন্ধন করা ০৯তম অপর্যায়। সর্বশেষ শিক্ষার্থীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হলে তারা এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তাই ওই শিক্ষার্থীদের ভবিষ্যৎ বিবেচনা করে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থার পরিবর্তে ক্রটি সংশোধন করে শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হচ্ছে।

বোর্ড সূত্রে জানা গেছে, ২০১৪ সালের এসএসসি পরীক্ষার্থীদের চরম পূর্বপর্যায় শেষ সময় ছিল সোমবার। চরম চিন্তাপের সময় ৪ শতাধিক শিক্ষার্থীর দুটি ফুলে নবম শ্রেণীতে নিবন্ধন করার ঘটনা ধরা পড়ে। এর কারণ সম্পর্কে বোর্ডের বিদ্যালয় পাখার দায়িত্বশীল সূত্র জানিয়েছে, নিয়মানুযায়ী নবম শ্রেণীতে ভর্তির সময় জেএসসি পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফুলে জমা দিতে হয়। অনেক ফুল শিক্ষার্থী ধরে রাখার জন্য শিক্ষার্থীদের জেএসসির একাডেমিক ট্রান্সক্রিপ্টের মূলকপি দেয়নি, অন্যদিকে সর্বশেষ শিক্ষার্থীরা মূলকপি না পেয়ে ফটোকপি ব্যবহার করে অন্য ফুলে নবম শ্রেণীতে ভর্তি

হয়েছে। আবার ওই শিক্ষার্থীর পুরনো ফুল কৃতপক্ষে জেএসসির মূল ট্রান্সক্রিপ্ট ব্যবহার করে নবম শ্রেণীতে নিবন্ধন করে রেখেছে। এভাবে ৪ শতাধিক শিক্ষার্থীর ২টি ফুলে নিবন্ধন ধরা পড়েছে বলে বোর্ড সূত্র থেকে জানা গেছে এ অবস্থায় যে ফুল কর্তৃপক্ষের কাছে জেএসসির মূল ট্রান্সক্রিপ্ট রয়েছে ওই ফুল থেকে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে এসএসসি পরীক্ষা দেয়ার ব্যবস্থা নেয়া হচ্ছে বলে সাংবাদিকদের জানান বিদ্যালয় পরিদর্শক আবুল বাশার তালুকদার।